

সম্পাদক
শাহাদত চৌধুরী

নির্বাহী সম্পাদক
মোহসিউল আদনান
প্রধান প্রতিবেদক
গোলাম মোর্তেজা

প্রতিবেদক
জয়স্বত্ত আচার্য
সাইফুল হাসান, বদরুল্লোজা বাবু

সহযোগী প্রতিবেদক
বদরুল আলম নাবিল
আসাদুর রহমান, রহুল তাপস
প্রধান আলোকচিত্রী
তুহিম হোসেন

আলোকচিত্রী
আনোয়ার মজুমদার

নিয়মিত লেখক
আসজাদুল কিবিরিয়া, জুন চৌধুরী

ফাহিম হসাইন, হাসান মূর্তজা
নোমান মোহাম্মদ, জব্বার হোসেন

চট্টগ্রাম প্রতিনিধি
সুমি খান

যশোর প্রতিনিধি
মামুন রহমান

সিলেট প্রতিনিধি
নিজামুল হক বিপুল

কানাডা প্রতিনিধি
জসিম মল্লিক

হলিউড প্রতিনিধি
মুনাওয়ার হসাইন পিয়াল

নিউইয়র্ক প্রতিনিধি
আকবর হায়দার কিরণ

ওয়াশিংটন প্রতিনিধি
নাসিম আহমেদ

যুক্তরাজ্য প্রতিনিধি
শাহরিয়ার ইকবাল রাজ

কম্পিউটার অফিস প্রধান
নূরুল করীর

শিল্প নির্দেশক
কনক আদিত্য

প্রদায়ক আলোকচিত্রী
এ এল অপূর্ব

জেনারেল ম্যাজেজার
শামসুল আলম

যোগাযোগ
১৬-১৭ নিউ ইক্সটন, ঢাকা-১০০০
পিএবিএস : ৯৩৫০৯৫১ - ৩
সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯
ফ্যাক্স : ৯৩৫০৯৫৪
চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দক্ষ
লেন, পাথরযাটা, চট্টগ্রাম ৮০০০
ই-মেইল : s2000@dbn-bd.net

দাম : ১৫ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড
৫২ মতিবিল বা/এ, ঢাকা-১০০০-এর
পক্ষে মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত
ও ট্রান্সক্রিপ্ট লিঃ, ২২৯ তেজগাঁও
শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

প্ৰ

ধানমন্ত্রীর নির্দেশ, মিডিয়ার তীব্র সমালোচনার পরও বাংলা
ভাইকে পুলিশ ছেগ্গের করেনি। দেশের উত্তরের জনপদে সে

ক্রমেই হয়ে উঠছে ভয়ঙ্কর দানব।

তালেবানের চেতনায় উত্তসিত বাংলা ভাই এ দেশে এখন ইসলামী
হুকুমত কায়েমের স্বপ্ন দেখছে। বিএনপির ওপর ভর করা জামায়াতের
প্রত্যক্ষ মদদে বাংলা ভাই এখন অপ্রতিরোধ্য।

রাজশাহীর বাগমারা, আগ্রাই অঞ্চল দীর্ঘদিন ধরে তথাকথিত
সমাজতন্ত্রের লেবাসধারী সর্বহারার অভয়ারণ্য ছিল। তাদের অত্যাচারে
এ অঞ্চলের মানুষ অতিষ্ঠ। তারা এ অঞ্চলে সন্ত্রাস, চাঁদাবাজি ও খুনের
রাজত্ব কায়েম করেছে। তাদের বিরুদ্ধে জনগণের আক্রেশ কাজে

লাগিয়ে বাংলা ভাই এখনে ধীরে ধীরে অবস্থান করে নেয়। গড়ে তুলেছে চরম মৌলবাদী সংগঠন
জাহাত মুসলিম জনতা। প্রাথমিকভাবে বাংলা ভাই মানুষের সহযোগিতা লাভ করলেও এখন সেও
চাঁদাবাজি, হত্যাকান্ড শুরু করেছে। ক্রমেই তার রূপ স্পষ্ট হয়ে উঠছে। সে এ দেশে ইসলামী শাসন
ব্যবস্থা কায়েমের কথা বলেছে। সে বাংলাদেশে তালেবানি শাসন কায়েমের স্বপ্নে বিভোর।

এই তালেবানি শাসন কায়েমের জন্য বাংলা ভাই তার অনুসারীদের প্রস্তুত করেছে। তার অনুসারীদের
টুপি পরতে বাধ্য করেছে। মেরেদের পরাণো হচ্ছে বোরকা-হেজাব। মধ্যযুগীয় কায়দায় হত্যা করেছে
কথিত চরমপন্থীদের। তার অনুসারীরা রাজশাহী শহরে লাঠি-তলোয়ার নিয়ে প্রশাসনের সামনে মহড়া
দিয়েছে। প্রশাসনের সঙ্গে বসে সভা করেছে।

বাংলা ভাই কেন এতো শক্তিশালী, অনুসন্ধানে বেরিয়ে এসেছে সে তথ্য। মূলত সে জামায়াতে
ইসলামীর ছাত্র সংগঠন ইসলামী ছাত্রশিক্ষিকের সক্রিয় কর্মী ছিল। আফগানিস্তানে গিয়েছিল তালেবানি
ট্রেনিং নিতে। তার সঙ্গে রয়েছে বিভিন্ন ইসলামী জঙ্গি সংগঠনের যোগাযোগ। বাংলা ভাই এ দেশে
তাদের প্রতিনিধি হয়ে উঠেছে।

'৭১-এর নরঘাতক জামায়াত তাকে দিচ্ছে প্রত্যক্ষ মদদ। তার মাধ্যমে জামায়াত এখন এ দেশে
ইসলামী জঙ্গি শাসনের পরিবেশ তৈরি করতে চায়। এ কারণে জামায়াত-নির্ভর বিএনপি সব বুরোও
বাংলা ভাইয়ের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারছে না। এমনকি প্রধানমন্ত্রীর নির্দেশ পুলিশ কার্যকর করছে

না।

এ দেশের সচেতন মানুষ বাংলা ভাইয়ের তাঙ্গে হতবাক। প্রশ্ন উঠেছে দেশে সরকারের অস্তিত্ব নিয়ে।
আসলে জামায়াতের জন্য বিএনপি বাংলা ভাইকে প্রশ্ন দিচ্ছে। তারা মূলত দুধ-কলা দিয়ে বিষাক্ত
সাপ পুষ্টে।

এ বিষাক্ত সাপ বাংলা ভাই চরমপন্থী, কমিউনিস্ট কর্মী, আওয়ামী লীগের পর বিএনপিকে ছোবল
দেবে। তখন হয়ত বিএনপির কিছু করার থাকবে না। দেশ এগিয়ে যাবে অন্ধকারের দিকে।
মহাসংকটে।

এখনই রঞ্খতে হবে বাংলা ভাইয়ের। তা না হলে জাতিকে বড় ধরনের খেসারত দিতে হবে।

প্রচন্দ কার্টুন : মশিউর রহমান রানা

